


মাকড়সার জাল থেকে বেহালার

তার...
৬/৩/১২



জাপানের একজন গবেষক মাকড়সার জাল দিয়ে বেহালার তার বানিয়েছেন। এটি বেহালায় ব্যবহৃত প্রচলিত স্টিলের তারের চেয়ে নরম এবং গভীর সুর তুলতে সক্ষম। এ-সংক্রান্ত একটি প্রতিবেদন প্রকাশিত হচ্ছে *ফিজিক্যাল রিভিউ লেটারস* সাময়িকীর আগামী সংস্করণে।

মাকড়সার জাল থেকে বেহালার তার বানানো এ গবেষক হলেম জাপানের নারা মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ড. শিগেওশি ওসাকি। তিনি অনেক বছর ধরেই মাকড়সার জালের যান্ত্রিক বিশ্লেষণ

সম্পর্কে আগ্রহী। এ আগ্রহ থেকেই মাকড়সার জাল নিয়ে তাঁর গবেষণা শুরু। আর এ জাল কতটুকু শক্ত তারও পরিমাপ করেছেন তিনি। তাঁর গবেষণার এ ফল ২০০৭ সালে *পলিমার জার্নাল* নামের এক সাময়িকীতে প্রকাশিত হয়।

ড. ওসাকি নিয়ন্ত্রিত মাকড়সা থেকে বিপুল পরিমাণ জাল তৈরির নির্ভুল পদ্ধতি বের করেছেন। তিনি এখন এই জাল ব্যতিক্রম বস্তু তৈরিতে ব্যবহারের দিকে মনোযোগ দিয়েছেন।

একটি লেখায় তিনি উল্লেখ

করেছেন, মাকড়সার জাল থেকে বেহালার মতো বাঁকানো তারের একটি যন্ত্রের উপাদান তৈরির ঘটনাটি আরও বৈজ্ঞানিক গবেষণার বিষয় হবে।

ড. ওসাকি নেফিলা ম্যাকুলাটা প্রজাতির ৩০০টি স্ত্রী-জাতীয় মাকড়সা থেকে বেহালার তার তৈরির জাল সংগ্রহ করেছেন। প্রথমে তিন হাজার থেকে পাঁচ হাজারটি জাল পাকিয়ে তিনি একটি বাস্তব তৈরি করেন। পরে এ রকম তিনটি বাস্তব পাকিয়ে বেহালার তার বানান বিবিসি।